# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৮৪

১/ বিবিধ

আরবী

كلكم أفضل منه
ضعيف

لم أجده في شيء من كتب السنة، وإنما أخرجه ابن قتيبة في " عيون الأخبار " (1/ 26) بسند ضعيف فقال: حدثني محمد بن عبيد عن معاوية بن عمر عن أبي إسحاق عن خالد الحذاء عن أبي قلابة عن مسلم بن يسار أن رفقة من الأشعريين كانوا في سفر، فلما قدموا قالوا: يا رسول الله! ليس أحد بعد رسول الله أفضل من فلان، يصوم النهار، فإذا نزلنا قام يصلي حتى يرتحل! قال: " من كان يمهن له أو يعمل له؟ قالوا: نحن، قال: " كلكم أفضل منه؟ "، وهذا إسناد ضعيف، رجاله كلهم ثقات، لكنه مرسل، فإن مسلم بن يسار هذا وهو البصري الأموي تابعي، ثم أنهم ذكروا في ترجمته أن أكثر روايته عن أبي الأشعث الصنعاني وأبي قلابة، وهذا الحديث من رواية أبي قلابة عنه، وقد كانت وفاتهما بعد المائة ببضع سنين ولكن أبا قلابة مدلس، قال الذهبي في ترجمته من " الميزان ": إمام شهير من علماء التابعين، ثقة في نفسه، إلا أنه مدلس عمن لحقهم وعمن لم يلحقهم، وكان له صحف يحدث منها ويدلس، ولهذا أورده الحافظ برهان الدين العجمي الحلبي في رسالته " التبيين لأسماء المدلسين " (ص 21) ، وكذا الحافظ ابن حجر في " طبقات المدلسين " (ص 5) وقال: وصفه بذلك الذهبي والعلائي، فلو أن الحديث سلم من الإرسال لما سلم من عنعنة أبي قلابة، فالحديث ضعيف على كل حال

ثم رأيت الحديث في " مصنف عبد الرزاق " (20442) عن معمر عن أيوب عن أبي قلابة قال: ... فذكره نحوه، ولم يذكر فيه مسلم بن يسار، وهذا مرسل أيضا ويغني عنه حديث أنس قال: كنا مع النبي صلى الله عليه وسلم في السفر فمنا الصائم، ومنا المفطر، قال: فنزلنا منزلا في يوم حار، أكثرنا ظلا صاحب الكساء، ومنا من يتقي الشمس بيده، قال: فسقط الصوام، فقام المفطرون فضربوا الأبنية وسقوا الركاب، فقال رسول الله صلى الله عليه وسلم: " ذهب المفطرون اليوم بالأجر "، رواه البخاري (6 / 64) ومسلم (3 / 144) ، واللفظ له والنسائي في " الكبرى " (ق 20 / 1)

বাংলা

৮৪। তার থেকে তোমরা সকলে উত্তম।

হাদীসটি দুর্বল।

সুন্নাতের গ্রন্থ সমূহে এটি পাচ্ছি না। এটি ইবনু কুতাইবা “উয়ূনুল আখবার” গ্রন্থে (১/২৬) দুর্বল সনদে উল্লেখ করেছেন।

হাদীসটির ঘটনা নিম্নরূপঃ আশ’য়ারীদের একটি দল কোন এক সফরে ছিল। তারা যখন ফিরে আসল, তখন তারা বললঃ হে আল্লাহর রসূল! আল্লাহর রসূলের পরে অমুক ব্যক্তি ছাড়া আর কোন উত্তম ব্যক্তি নেই। সে দিনে সওম পালন করে, আর আমরা যখন কোন স্থানে অবতরণ করি তখন সে দাড়িয়ে গিয়ে সালাত শুরু করে, সে স্থান ত্যাগ না করা পর্যন্ত! (রসূল) বললেনঃ তার কাজ কে করেছে? তারা বললেনঃ আমরা। (রসূল) বললেনঃ كلكم أفضل منه তোমরা প্রত্যেকে তার চাইতে উত্তম। সনদের সকল বর্ণনাকারী নির্ভরশীল, কিন্তু হাদীসটি মুরসাল।

কারণ মুসলিম ইবনু ইয়াসার বাসরী উমাবী একজন তাবেঈ। তার জীবনীতে বলা হয়েছে যে, তার অধিকাংশ বর্ণনা আবুল আশায়াস সানায়ানী এবং আবু কিলাবা হতে বর্ণিত হয়েছে। তার এ হাদীসটি আবূ কিলাবার সূত্রে। আবূ কিলাবা এবং মুসলিম ইবনু ইয়াসার তারা উভয়ে একশ হিজরীর কিছু পরে মারা গেছেন। কিন্তু আবূ কিলাবা বর্ণনাকারী হিসাবে একজন মুদাল্লিস।

যাহাবী বলেনঃ তিনি মুদাল্লিস যার সাথে মিলিত হয়েছেন তার থেকে এবং যার সাথে মিলিত হননি তার থেকেও। তার কতিপয় সহীফা ছিল, তিনি সেগুলো হতে হাদীস বর্ণনা করতেন এবং তাদলীস করতেন। এ জন্য হাফিয বুরহানুদ্দীন আল-আজামী আল-হালাবী তার “আত-তাবেঈন লি আসমাঈল মুদাল্লিসীন” গ্রন্থে (পৃঃ ২১) তাকে উল্লেখ করেছেন। অনুরূপ ভাবে হাফিয ইবনু হাজারও তাকে "তাবাকাতুল মুদাল্লিসীন" গ্রন্থে (পৃঃ ৫) উল্লেখ

করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5345

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন